



নুরুল ইসলাম নাহিদ এম.পি.
মন্ত্রী
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তারিখ : ০৭-০২-২০১০ খ্রিঃ

বাণী

ঢাকা শিক্ষা বোর্ড ইন্টারনেটের মাধ্যমে সেবা সম্প্রসারণের যে কর্মসূচি গ্রহণ করেছে, তা নিঃসন্দেহে প্রশংসার দাবি রাখে। ইন্টারনেট একবিংশ শতাব্দীর চরম বিস্ময়। এ নেট দেশের বিশ্বব্যাপি গড়ে তুলেছে এক মহাযোগাযোগ নেটওয়ার্ক। এ কর্মসূচি গ্রহণের মাধ্যমে ঢাকা বোর্ড হলো সকল বোর্ডের অগ্রপথিক। মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্নের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ের সঙ্গে একাত্ম হয়ে সেবা গ্রহীতাদের জন্য সেবার উৎকর্ষ সাধনে ঢাকা বোর্ড এ কর্মসূচি হাতে নিয়েছে। ইন্টারনেট সংযুক্তির ফলে সেবা গ্রহীতা দ্রুততম সময়ে হাতের মুঠোয় পেয়ে যাবে সকল তথ্য ও উপাত্ত। ফলে দুর্ভোগ কমবে, সময় ও অর্থ বাঁচবে। ইন্টারনেট অত্যাধুনিক প্রযুক্তির বরমাল্যে ভূষিত হয়ে আমাদের নিয়ে চলেছে আরও বিস্ময়কর জ্ঞানরাজ্যের সীমানায়।

এ কর্মসূচি গ্রহণের উদ্যোক্তাদের জন্য শুভকামনা রইলো, যেন তারা এ কর্মসূচির মাধ্যমে কাজের গতি, স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করতে পারে এবং অন্যকে উদ্বুদ্ধ করতে পারে।


(নুরুল ইসলাম নাহিদ এম.পি.)